১২ দিনের ছেলের সঙ্গে

১২ বৎসরের মেয়ের বিয়ে

# রূপবান কন্যার

—কবিতা—



কবি—শামসুদ্দিন আহম্মদ

সাং—নেতড়া

পোষ্ট—নেতড়া জেলা—২৪ পরগণা

থানা—ডিঃ হারবার

নকল হইতে সাবধান

রেজিঃ ১৯৯

মূল্য—১০ নয়া পয়সা

আসুন— যাবতীয় কবিতা ও অন্যান্য ছাপার কাজের

জন্য একমাত্র নির্ভরযোগ্য প্রতিষ্ঠান

মুদ্রণে—টাউন প্রেস, ১৪/এ, দমদম রোড, জং কলি-৩০

৩০বি, শ্যামবাজারগামী বাস ষ্ট্যাণ্ডের নিকট

## —: কবিতা আরম্ভ :—

প্রথমে বন্দনা করি গো ওই না আল্লার চরণে গো
উত্তরে বন্দনা করি গো ওই না পর্ব্বত হিমালয় গো
দক্ষিণে বন্দনা করি গো ওই না বনবিবির পায়ে গো
পূর্ব্বদিকে বন্দনা করি গো ওই না উদয়গিরি ভানু গো
পশ্চিমে বন্দনা করি গো মক্কা মদিনায় গো
শুন ২ ভাই সকলে গো রূপবান যাত্রার গান গো
রূপবান। কি বললি কি শুনিলীরে ও পাগল
আবার বল শুনিবে বনের পাগল পাগলরে
রূপবান। কিসের লেখা কিসের পড়া গো ও দাইমা
গো, কিছুই ভাল লাগে না মোর দাইমা দাইমা গো
পাড়ার লোকে বলে সবাই গো ও রূপবান
তোমার হবে বিয়ে গো শুন রূপবান গো।
কি জানি কি শুনি দাইমা গো ও দাইমা
কি শুনিলাম কানে গো ও দাইমা গো।
রূপবান। আমার বাড়ীর দক্ষিণ পার্শ্বে গো
ও দাইমা কিসের বাদ্য বাজে গো ও মোর দাইমা
দাইমা গো ঢাক বাজে আর ঢোলক বাজে গো
ও দাইমা তালে বাজে বাঁশী গো ও মোর দাইমা গো
বাজাইতে বাজাইতে বাঁশা গো ও দাইমা
আমাদের বাড়ীতে ও মোর দাইমা দাইমা গো।

রূপবান। শুন শুন দাদুগো দাদু
বলি যে তোমারে গো শোন দাদু গো
বার দিনের শিশুর সঙ্গে গো ও দাদু,
কোন দেশে বিয়ে গো শোন দাদু দাদু গো।
রূপবান। জোয়ার ও যৌবন আমার গো ও দাইমাগে
যাবে গাঙ্গের ভাটা গো ও মোর দাইমা গো
ভাতের খুধা লাগাগলে পরে গো ও দাইমা
পানিতে কি সারে গো ও দাইমা দাইমা গো
গাঙে যখন জোয়ার আসে গো ও দাইমা
নদী ভরা পানি গো মোর দাইমা গো
ভ্রমর বিনে ফুলের মধু গো দাইমা
যাবে শুকাইয়া গো শোন দাইমা দাইমা গো
রূপবান। হাতে ধরি পায়ে ধরি গো ও দাদু
মুক্তি করো পিতারে শোন দাদু দাদু গো
রূপবান। মেরোনা মেরোনা জল্লাদরে জল্লাদ।
আমার প্রাণের পিতারে দারুন জল্লাদ ভাইরে।
কি কারণে মোর জল্লাদরে ও জল্লাদ
আমার প্রাণের পিতারে দারুণ জল্লাদ ভাইরে।
হাতে ধরি পায়ে ধরি গো ও জল্লাদ মুক্তি কর।
পিতারে দারুণ জল্লাদ জল্লাদরে।
মেরোনা মেরোনা বাদশা গো বাদশা
মেরোনা মোর পিতারে শোন বাদশা বাদশা গো

হস্তে ধরি বিনয় করিগো আব্বা ধরি আপনার পায়ে,
গো বাঁচাও আমার পিতাকে ও আব্বা
বাঁচাও আমার পিতাকে আমি যাব শ্বশুর বাড়ীগা
ও আব্বা বিদায় দেন আমারে গো। আমি যাব
শ্বশুর বাড়ী গো ও আব্বা বিদায় দেন আমারে গো
ও মোর আব্বা ২ গো

বেঁচে যদি থাকি আম্মাগো, ও আম্মা আবার
দেখা হবে গো ও মোর আম্মা ২ গো
বেঁচে যদি থাকি আল্লা গো ও আল্লা আবার দেখা
হবে গো ও মোর আল্লা ২ গো শুন শুন
ও মোর আল্লা গো, ও আল্লা এই ছিল মোর কপালে
ও মোর আল্লা ২ গো।

ডান হাতে দুধের পেয়ালা ও আল্লা বাম হাতে
মোর পতিগো দয়াল আল্লা ২ গো
শ্বশুর শাশুড়ী সেবা আল্লা গো আমার ভাগ্যে
হল না শিশুপতি লয়ে আমি গো ও আল্লা
চলিলাম জঙ্গলে গো। রাত পোহালে লোকে বলবে
গো ও রূপবান ছেলে কোথায় পেলি গো।
শুন ২ ও মোর মস্তি গো ও মাঝি বলি যে তোমারে
শুন ঘাটের মাঝি গো তোমার আমার ধর্ম্মের
ভাইজান গো, ও ভাইজান আমি তোমার ভগ্নি গো
ডান হাতে মোর দুধের পেয়ালা ও ভাইজান বাম হাতে

CMRN



পতিগো ভিক্ষা দাওগো নগরবাসী গো, আপনারা ভিক্ষা দেন আমারে গো শুন নগরবাসী গো। পারের কড়ি দিব আমি গো আপনারা ভিক্ষা দেন আমারে গো। রূপবান তোমরা আমার ধর্ম্মের ভাইজান গো ও ভাইজান আমি তোমার ভগ্নি শুন ভাইজান ২ গো। ডান হস্তে মোর দুধের পিয়ালা ও ভাইজান বাম হাতে মোর পতি গো শুন তাজেল তাজেল গো।

কে মাখাইবে তৈল কাজল গো ও বন্ধু
কে খাওয়াইবে দুগ্ধ গো।

নিদারুণ শ্যাম আমি তোরে লইয়া বনে আসিলাম তোরে লইয়া বনে আসিলাম রে বন্ধু আমি তোরে লইয়া বনে আসিলাম খেওনা ২ বাঘ গো। ও বাঘ বলি যে তোমাকে গো বনের বাঘ ২ শিশুপতি খাইলে বাঘ গো ও বাঘ হইবে গুণাগার শোন বনের বাঘ ২ গো তুমি আমার ধর্ম্মের বাপজান গো ও বাপজান আমি তোমার মেয়ে
• ও মোর বাপজান ২ গো।

রহিম নাইকো মাতা নাইকো পিতা ও আল্লা নাই সহোদর ভাই গো ও দয়াল আল্লা কে দেবে মোর জরি জামা গো ও আল্লা আমার কেহ নাইগো। তাইজেল — শুন ২ ও মোর রহিম গো ও রহিম বলি যে তোমার।

কি কারণে মোর বাদশা গো বাদশা

আমার প্রাণের পিতারে শোন বাদশা বাদশা গো।

বার দিনের শিশু লইয়া গো ও আব্বা চলিলাম,

গহন বনে গো ও মোর আব্বা আব্বা গো।

শ্বশুর ও শ্বাশুড়ির সেবা গো ও আল্লা।

আমার ভাগ্যে হলনা ও মোর আল্লা আল্লা গো।

রূপবান। এই আশীর্ব্বাদ কর আম্মা গো ও আম্মা

আসি যেন ফিরে গো ও মোর আম্মা আম্মা গো।

এই আশীর্ব্বাদ কর আব্বা গো ও আব্বা,

আসি যেন ফিরে গো ও মোর আব্বা আব্বা গো।

রূপবান। দ্বার ছাড় দ্বার ছাড় দারোয়ান গো

ও দারোয়ান দ্বার ছাড় আমারে গো।

গেটের দারোয়ান ভাই গো

রূপবান। প্রভাত হলে বলবে লোকে গো।

ও রূপবান ছেলে কোথায় পেলে গো

গেটের দারোয়ান দারোয়ান গো

রূপবান। পার কর পার কর মাঝি মাঝি গো।

রূপবান। বিধির ও কলমের লেখা গো ও মাঝি

কে খণ্ডাতে পারে গো ঘাটের মাঝি মাঝি গো।

রূপবান। বারদিনের স্বামী লইয়া গো

দারোয়ান চললাম গহন বনে গো,

গেটের দারোয়ান ভাই গো।

রূপবান। তোমার আমার ধর্ম্মের ভাইজান গো
ও ধর্ম্মের কাজ করো গো
ঘাটের মাঝি মাঝি গো
রূপবান। বার দিনের স্বামী লইয়া গো ও মাঝি
গেলাম গহন বনে গো ঘাটের মাঝি মাঝি গো।
রূপবান। বিধির কলমের লিখন গো ও মাঝি
কে খণ্ডাতে পারে গো ঘাটের মাঝি মাঝি গো
রূপবান। দিওনা দিওনা মাঝি গো ও মাঝি
অমূল্য রত্ন গো ঘাটের বোকা মাঝি মাঝি গো
যে চিনেছে সে নিয়েছেরে ও মাঝি
সাত রাজার ধনরে ঘাটের বোকা মাঝি গো
রূপবান। খেয়োনা খেয়োনা বনের বাঘরে ও বাঘ
খেয়োনা মোর পতিরে বনের বাঘ বাঘরে
আগে খাও আমারে বাঘরে ও বাঘ
পরে খেয়ো পতিরে বনের বাঘরে।
আমার পতিরে খাইলে বাঘ বাঘরে
ঠকবে খোদার কাছেরে বনের বাঘ বাঘরে।
রূপবান। নিরাশ্রয় হইয়া মাঝি গো ও এলাম
তোমার বাড়ী গো ও মোর মাঝি মাঝি গো
রহিম। ছেঁড়া জামা ছেঁড়া ধুতি গো ও আল্লা
আমার ভাগ্যে হলো ও মোর আল্লা গো
রহিম। কোথায় পাব টাকা পয়সা গো ও আল্লা।

কেবা প্রাণের বান্ধব হইয়া গো অ ল্লাতাল্লা কিনে
দেবে ঘোড়া গো ও মোর আল্লী আল্লা গো
তাজেল আমি তোমার বান্ধব হইয়া গো রহিম
কিনে দেব ঘোড়া গো শুন রহিম গো
আমায় যদি ভালবাস গো রহিম যৌবন
রহিম চাইনা তোমার ভালবাসা গো চাইনা
তোমার ঘোড়াগো শুন তাজেল তাজেল গো
আমার দিদি জানতে পারলেগো ও তাজেল কিনে দেবে
শুন তাজেল তাজেল গো।

—গান—

ও বাসে যাবনা উঠব নারে ছেলে গুলো সব ঘিরে ধরে
কেহ বিনুনি ধরে কেহ ধাক্কা মারে পাশে বসিবে কেহ
হায়রে বাসের কি যাতনা কেহ চায় ঠিকানা ২ রে।
যাবনা ২ আর বাসেরে তারা বসে আছে প্রেম জানাতে
চিঠি একখানা লিখে বাসেতে উঠে বসে তোমার সাথে
আমার বিয়ে এ কথা বলি রয় শুধু দাড়ায়ে
ষ্টপে তার বুঝি নামা আর হলনারে।
এ মধুর বাধনে যুগল মিলন হবে।
একি আকুলতা জানলে ঘুরে মাথা,
ঘরে গিয়ে শুধু ভাবনারে।